আজকের কাগজ

তারিখ ... 02 OCT 1991
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৩

27

ব্যাপক বোমাবাজি ঃ

## ঢা.মে.ক. এর সমস্ত ক্লাস ৯ অক্টোবর পর্যন্ত স্থগিত

**কাগজ প্রতিবেদক** ঃ ঢাকা মেডিকেল কলেজ কর্তৃপক্ষ গতকাল মঙ্গলবার এক জরুরি ঘোষণায় কলেজের সকল বর্ষের ক্লাস আগামী ৯ অক্টোবর পর্যন্ত স্থগিত করে দিয়েছে। গতকাল ৩য় পেশাগত এমবিবিএস পরীক্ষার দ্বিতীয় দিনে কলেজ ক্যাম্পাস ও আবাসিক হলে ব্যাপক বোমাবাজির জন্যে কলেজ কর্তৃপক্ষ এ সিদ্ধান্ত নেন। উল্লেখ্য, এই পরীক্ষা নিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীন দেশের চারটি মেডিকেল কলেজে চাপা উত্তেজনা বিরাজ করছিলো। বেশ কিছুসংখ্যক ছাত্রছাত্রী এই পরীক্ষা বয়কট করার হুমকি দিয়েছে। গতকাল কলেজে ব্যাপক পুলিশী প্রহরায় এ পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। জানা গেছে, এ পরীক্ষা পিছানোর দাবিতে চারটি মেডিকেল কলেজের কিছুসংখ্যক ছাত্রছাত্রী আন্দোলন করছিলো।